[illegible]

[illegible]
[illegible]
[illegible]

[redacted]

[redacted]

শৈলকুপায় ৪ দিনেও আটক হয়নি অবৈধ ঘাতক ট্রাক্টর

ঝিনাইদহের শৈলকুপায় ট্রাক্টরে পিষ্ঠ হয়ে মারা যাওয়ার ৪দিন অতিবাহিত হলেও ঘাতক ট্রাক্টরটি আটক করা হয়নি। বহাল তবিয়তে এখনো ট্রাক্টরটি আশা ইট ভাটা কাজীপাড়া শৈলকুপায় রয়েছে । ট্রাক্টরটি কেন আটক করা হচ্ছে না এ নিয়ে নানা প্রশ্ন দেখা দিয়েছে সাধারণ মানুষের মধ্যে ।

কিভাবে এই ঘাতক ট্রাক্টরটি সেনা সদস্যের স্ত্রীকে পিষে দিল তার ভিডিও ফুটেজ এখন শৈলকুপার সাধারণ মানুষের হাতে হাতে। ঘাতক ট্রাক্টরের মালিক প্রভাবশালী হওয়ায় ট্রাক্টরটি থানা হেফাজতে নিচ্ছে না বলে এলাকাবাসির অভিযোগ।

সেনা সদস্য রাজিবের চাচাত ভাই আবুল হোসেন বলেন , রাজিবের স্ত্রী মারা যাওয়ার কয়েকদিন আগে তার মাও মারা গিয়েছেন। আবার রাজিবের অবস্থাও আশংকাজনক তাই এখনো থানায় অভিযোগ দায়ের করা হয়নি । তবে আমরা অবশ্যই কিছুদিনের মধ্যে অভিযোগ দায়ের করবো।

এ ব্যাপারে শৈলকুপা থানার ওসি রফিকুল ইসলাম বলেন , এখনো কোন অভিযোগ আসেনি তাই মামলা হয়নি। আমরা এই মারা যাওয়ার বিষয়ে কিছুই জানতাম না , আপনাদের মাধ্যমে শুনছি। তবে বিষয়টি খতিয়ে দেখছি।

উল্লেখ্য , ঝিনাইদহের শৈলকুপায় ইট ভাটার মাটি টানা ট্রাক্টরের চাকায় পিষ্ঠ হয়ে মারা যায় এক সেনা সদস্যের স্ত্রী। শুক্রবার বিকালে আহত হওয়ার পর তাকে যশোর সিএমএইচ হাসপাতালে ভর্তি হওয়ার পর তিনি মারা যান। নিহত সেনা সদস্যের স্ত্রী শাহানারা (৩৫) খাতুন বালিয়াকান্দি উপজেলার চর দক্ষিণ বাড়ি গ্রামের মেছের আলীর মেয়ে। সেনা সদস্য রাজিব কালুখালী উপজেলার মোহনপুর গ্রামের তাজু মন্ডলের ছেলে। রাজিবও যশোর সিএম এইচ হাসপাতালে মৃত্যুর সাথে লড়ছে।

শৈলকুপায় বৃষ্টির আশায় মাঠে নামাজ আদায়

প্রচন্ড খরতাপে পুড়ছে জনজীবন। রোদ আর গরমে অতিষ্ট হয়ে পড়েছে সাধারণ মানুষ। বৈশাখের অর্ধেক মাস পেরিয়ে গেলেও নেই বৃষ্টি। বৃষ্টির না হওয়ার কারণে নষ্ট হচ্ছে ফসল। নেমে গেছে পানির স্তর। দেখা দিয়েছে পানির তীব্র সংকট।

তাই বৃষ্টির আশায় ঝিনাইদহের শৈলকুপা উপজেলার উত্তর মির্জাপুর গ্রামের মাঠে বিশেষ নামাজ (সালাতুল ইস্তেখারা) আদায় করেছেন গ্রামবাসী।

মঙ্গলবার সকাল ৭ টার দিকে মির্জাপুর গ্রামের খোলা আকাশের নিচে ফাঁকা মাঠে নামাজ অনুষ্ঠিত হয়। নামাজ শেষে অনাবৃষ্টি থেকে মুক্তির জন্য বিশেষ মোনাজাত পরিচালনা করেন উত্তর মির্জাপুর জামে মসজিদের মাওলানা ইমাম মোহাম্মদ উল্লাহ।

এ বিষয়ে ইমাম মোহাম্মদ উল্লাহ বলেন, দীর্ঘদিন বৃষ্টি না হওয়ায় মানুষ পানির জন্য খুব বিপদে আছে। বৃষ্টি বা পানির জন্য আল্লাহ সালাতের মাধ্যমে চাইতে বলেছেন। আল্লাহর কাছে চাওয়া সুন্নাত। আর চাওয়াকে আরবিতে সালাতুল ইস্তেখারা বলা হয় অর্থাৎ পানির জন্য দোয়া করা।

শৈলকুপায় উপজেলা চেয়ারম্যান পদে উপ-নির্বাচনে ৩ জনের মনোনয়ন পত্র দাখিল।

ঝিনাইদহের শৈলকুপায় উপজেলা চেয়ারম্যান পদে উপ-নির্বাচনে মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিনে ৩ (তিন) জন মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

আওয়ামী লীগ মনোনীত প্রয়াত উপজেলা চেয়ারম্যানের সহধর্মীনি শেফালী বেগম, বিএনপির সমর্থিত হুমায়ন বাবর ফিরোজ (সাবেক ছাত্রদল নেতা ,ইবি) ও স্বতন্ত্র প্রার্থী সাবেক ছাত্রলীগ নেতা আনিছুর রহমান।

শৈলকুপা উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সহকারী রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে , বুধবার দুপুরে আওয়ামী লীগের দলীয় প্রার্থী শেফালী বেগম।

এসময়, মোঃআব্দুল হাই , এমপি, ঝিনাইদহ -১ ও ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি এবং শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়াও , দুপুরে ঝিনাইদহ জেলা রির্টানিং কর্মকর্তার কার্যালয়ে বিএনপির দলীয় প্রার্থী হুমায়ন বাবর ফিরোজ ও বিকেলে সতন্ত্র প্রার্থী আনিছুর রহমান মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

জেলা রির্টানিং কর্মকর্তা রোকনুজ্জামান জানান , মনোনয়ন জমা দেয়ার শেষ দিনে ৩ জন প্রার্থী তাদের মনোনয়ন জমা দিয়েছেন। আগামী ২৮ ফেব্রুয়ারী শৈলকুপা উপজেলা পরিষদ চেয়ারম্যান পদে উপ -নির্বাচন অনুষ্ঠিত হবে।

গত ৩ নভেম্বর শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি শিকদার মোশারফ হোসেন (সোনা সিকদার) এর স্ট্রোক জনিত কারণে মৃত্যুতে চেয়ারম্যান পদটি শুন্য হয়।

শৈলকুপায় সড়ক দুর্ঘটনায় নিহত এক

শৈলকুপা উপজেলার ঝিনাইদহ -কুষ্টিয়া মহাসড়কের বড়দাহ মাদ্রাসা নামক স্থানে সড়ক দুর্ঘটনায় আরিফ শেখ (৬৫) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন।

নিহত ব্যক্তি শৈলকুপা উপজেলার ২ নং মির্জাপুর ইউনিয়নের রানীনগর

গ্রামের বাসিন্দা। তিনি চড়িয়ারবিল মাধ্যমিক বিদ্যালয়ের দপ্তারির কাজ করেন।

স্থানীয় এলাকাবাসী সূত্রে জানা যায়, তিনি রাস্তা পার হচ্ছিলেন এমন সময় শ্যামলী পরিবহনের একটি গাড়ী এসে তাকে ধাক্কা দিয়ে চলে যায় এবং তিনি ঘটনাস্থলে নিহত হন।

শৈলকুপা থানা অফিসার ইনচার্জ জাহাঙ্গীর আলম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন

শৈলকুপায় সেনা সদস্য কর্তৃক মেডিকেল অফিসার লাঞ্চিত

শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ কিশোর কুমার কুন্ডুকে লাঞ্চিত করেছেন ছুটিতে বাড়িতে আসা নাজমুল হাসান নামে এক সেনা সদস্য। ঘটনাটি ঘটেছে রবিবার রাত ১ টার দিকে।

জানা যায়, নাজমুল হাসান নামের এক সেনা সদস্যের আত্মীয় রাত ১টার দিকে অসুস্থ অবস্থায় শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইমার্জেন্সীতে আসার পর এই সেনা সদস্য ডাঃ কোথায় বলে উচ্চস্বরে চিৎকার করতে থাকে এরপর ইমার্জেন্সীতে কর্তব্যরত ডাঃ কিশোর কুমার কুন্ডু হাজির হলে তার কলার ধরে গলা থেকে স্টেথোস্কোপ টেনে ছিড়ে ফেলে এবং অকথ্য ভাষায় গালিগালাজ করে তাকে লাঞ্চিত করে।

মেডিকেল অফিসার কিশোর কুমার কুন্ডু জানান, নাজমুল হাসান নামের এক সেনা সদস্য আমাকে চরমভাবে লাঞ্চিত করেছেন এবং ওয়ার্ড বয় সিরাজের মুখের মাস্ক ছিড়ে ফেলে, আমি এর বিচার চাই।

শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সের আর এমও ডাঃ সুজায়েত হোসেন বলেন, আমাদের স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ কিশোর কুমার কুন্ডুকে লাঞ্চিত করেছে নাজমুল হাসান নামে এক সেনা সদস্য। সেই সাথে আমাকে টেলিফোনে হুমকি দিয়েছে। এছাড়াও আমাদের অফিসের মূল্যবান কাগজপত্র ছিড়ে ফেলেছে। এটি খুবই দুঃখজনক ঘটনা, আমরা এর

উপযুক্ত বিচার চাই।

এই সেনা সদস্য শৈলকুপার ছোট মৌকুড়ী গ্রামের আকিল উদ্দিনের ছেলে। সে রাঙামাটিতে ৭ বীরে কর্মরত আছে।

শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম জানান , থানায় অভিযোগ এসেছে , তদন্তপূর্বক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

এদিকে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ কিশোর কুন্ডুকে লাঞ্চিত করায় নিন্দার ঝড় উঠেছে বিভিন্ন মহলে।

শৈলকূপা পৌর নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থীর পক্ষে উপজেলা জাসদের সমর্থন প্রদান

আগামী ১৬জানুয়ারী পৌরসভার দ্বিতীয় ধাপের নির্বাচনে ঝিনাইদহের শৈলকূপা পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হবে। সেই নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত নৌকা প্রতিকের প্রার্থী আশরাফুল আজিম আজমের পক্ষে নির্বাচন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে শৈলকূপা উপজেলা জাসদ।

গত শনিবার শৈলকুপা উপজেলা জাসদ ও পৌর জাসদের যৌথ সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা জাসদের সাধারণ সম্পাদক আব্দুল আজিজ খান স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানা যায়। লিখিত বক্তব্যে , শৈলকূপা পৌর সভায় জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের কোন প্রার্থী না থাকায় আওয়ামী লীগ সমর্থিত প্রার্থী আশরাফুল আজিম আজমকে ১৪দলীয় জোটের প্রার্থী হিসেবে পৌরসভার অন্তর্ভুক্ত জাসদের সকল নেতা কর্মীকে নৌকা প্রতীকের পক্ষে কাজ করার জন্য নির্দেশনার পাশাপাশি অনুরোধ জানিয়েছেন।

[illegible]

[illegible]

[illegible]

[

ব্যস্ত দেখা যায়।

শৈলকুপা পৌরসভা নির্বাচনে মেয়র পদে ৪ জন, ৯টি ওয়ার্ডে কাউন্সিলর পদে ৩৬ জন ও সংরক্ষিত তিনটি মহিলা ওয়ার্ডে ১২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। ৯টি ওয়ার্ডের ১৫টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে ভোট গ্রহণ।

এবারই প্রথম ইভিএম পদ্ধতি অনুষ্ঠিত হতে যাচ্ছে শৈলকুপা পৌরসভার নির্বাচন। এবারের নির্বাচনে পৌরসভার সাধারণ ভোটারের সংখ্যা ২৮৬৩২। এর মধ্যে পুরুষ ভোটার ১৪ হাজার ১১৩। আর নারী ভোটার ১৪ হাজার ৫১৯ জন।

উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং কর্মকর্তা মো. জুয়েল আহাম্মেদ বলেন, সকল প্রার্থীকে নির্বাচনী আচরণবিধি মেনে প্রচার-প্রচারণা চালানোর নির্দেশনা দেয়া হয়েছে। নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করলে কাউকে ছাড় দেয়া হবে না।

সাংবাদিকদের সাথে শৈলকুপার আওয়ামী লীগের মেয়র প্রার্থীর মতবিনিময়

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভার আওয়ামীলীগ মনোনিত প্রার্থী কাজী আশরাফুল আজমের সাথে শৈলকুপায় কর্মরত সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভা সোমবার বেলা ২টায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ইলেকট্রনিক ও প্রিনাট মিডিয়ার বেশ কয়েকজন সাংবাদিক তাদের বক্তব্য তুলে ধরেন।

পরে পৌর মেয়র প্রার্থী ও বর্তমান মেয়র কাজী আশরাফুল আজম তার বক্তব্যে বলেন, শৈলকুপা পৌর এলাকায় পুঞ্জীভূত সমস্যা সমাধানে আমি বদ্ধপরিকর। পৌর নাগরিকদের সার্বিক সুযোগ-সুবিধা প্রদানে কাজ করে যাচ্ছি। পানিবদ্ধতা নিরসন, যানজট, হাটবাজার উন্নয়ন, ড্রেনেজ সমস্যা দূরীকরণ, অবৈধ দোকানপাট ও স্থাপনা উচ্ছেদ,

[illegible]

[illegible]

[illegible]